

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডে অভিযুক্ত ২৫ শিক্ষার্থীকে আসামি করে চার্জশিট আদালতে জমা দিয়েছে পুলিশ। চার্জশিটভুক্ত এই শিক্ষার্থীদের বিরুদ্ধে একাডেমিক ব্যবস্থা নিতে তৎপর রয়েছে বুয়েট প্রশাসন। চার্জশিটের কপি সংগ্রহ করে তদন্ত কমিটির মাধ্যমে আগামী সপ্তাহে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হতে পারে।

গতকাল বুধবার অভিযোগপত্র আদালতে জমা দেওয়ার পর বুয়েটের পদক্ষেপের বিষয়ে জানতে চাইলে ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক অধ্যাপক মিজানুর রহমান কালের কণ্ঠকে এসব কথা বলেন।

তিনি বলেন, ‘চার্জশিট আদালতে জমা দেওয়া হয়েছে। আশা করছি বৃহস্পতিবারের মধ্যেই কপি পেয়ে যাব। এরপর অভিযোগপত্র বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটির কাছে যাবে। তদন্ত কমিটির সুপারিশ বোর্ড অব ডিসিপ্লিন কমিটির সভায় উত্থাপন করলে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।’